

বাংলাদেশঃ জাতিসংঘ মানবাধিকার বিশেষজ্ঞের মানবপাচার বিষয়ে পর্যবেক্ষণ জেনেভা (৩১ অক্টোবর ২০২২)- ৩১ অক্টোবর থেকে ৯ নভেম্বর ২০২২ পর্যন্ত বাংলাদেশ সফরকালে জাতিসংঘের বিশেষ প্রতিনিধি সিয়োভান মুলালী মানবপাচার-বিষয়ক মানবাধিকারের বিভিন্ন বিষয় পর্যবেক্ষণ করবেন।

মুলালী বলেন, 'ভুক্তভুগীদের মানবিক অধিকার নিশ্চিতকরণের পথে যেসকল প্রধান চ্যালেঞ্জ রয়েছে সেসবের ওপর এবং কার্যকরী পাচার-প্রতিরোধ বিষয়েও সবিশেষ আলোকপাত করব।' তাছাড়া শ্রমিক অভিবাসনের প্রেক্ষাপটে পাচারের ঝুঁকি এবং উদ্বাস্তু, শরণার্থী ও আশ্রয় অন্বেষী জনগণের ঝুঁকিসমূহও একটি জরুরি বিষয় হিসেবে গণ্য হবে। যৌন প্রতারণার উদ্দেশ্যে মানবপাচার, শিশু পাচার বিষয়ক সব ধরনের প্রতারণার বিষয়গুলো যেমন তদারকি করা হবে ঠিক তেমনি জলবায়ুগত স্থানচ্যুতি এবং যারা সরাসরি এর ভুক্তভুগী, বিশেষভাবে গ্রামীণ এলাকার নারী ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠী ভোগান্তির ওপরও বিশেষ নজর দেয়া হবে।

তিনি আরও বলেন, মানবপাচারে জড়িতদের শাস্তি নিশ্চিতকরণ, ভুক্তভুগীদের উপস্থিতিতে কার্যকরী পর্যবেক্ষণ নিশ্চিতকরণ, শিশুবান্ধব ন্যায়বিচারের কার্যক্রমও পর্যবেক্ষণ করা হবে।

বিশেষ প্রতিনিধি রাজধানী ঢাকা, কক্সবাজার ও সিলেট পরিদর্শন করবেন। তিনি বিভিন্ন সরকারী সংস্থার প্রতিনিধি, জাতিসংঘের কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার, সুশীল সমাজের সদস্য এবং উল্লেখিত বিষয়ে ভুক্তভুগীদের সঙ্গে সাক্ষাৎ করবেন।

আগামী ৯ নভেম্বর ২০২২ তারিখ বুধবার (স্থানীয় সময়) দুপুর ১টায় প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিতব্য সংবাদ সম্মেলনে বিশেষ প্রতিনিধি তার প্রাথমিক পর্যবেক্ষণ সম্পর্কে জানাবেন। এতে কেবল সাংবাদিকদের প্রবেশাধিকার সংরক্ষিত থাকবে।

২০২৩ সালের জুনে বিশেষ প্রতিনিধি তার পরিদর্শন নিয়ে একটি সবিস্তারিত প্রতিবেদন জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে উপস্থাপন করবেন।

সমাপ্ত।

২০২০ সালের জুন মাসে সব ধরনের মানবপাচার রোধের উন্নতিকল্পে এবং ভুক্তভুগীদের মানবাধিকার রক্ষা ও সমুন্নত রাখার পদক্ষেপসমূহকে উদ্ভুদ্ধকরণে জাতিসংঘের মানবাধিকার কাউন্সিল কর্তৃক **সিয়োভান মুলালী (আয়ারল্যান্ড)** কে বিশেষ প্রতিনিধি হিসেবে নিযুক্ত করা হয়েছে। এছাড়াও তিনি ন্যাশনাল ইউনিভার্সিটি অব আয়ারল্যান্ড, গালওয়ে-এর মানবাধিকার আইন বিষয়ের একজন সুপ্রতিষ্ঠিত অধ্যাপক ও একই বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল-এর অধীনস্থ আইরিশ সেন্টার ফর হিউম্যান রাইটস এর ডিরেক্টর। বিশেষ প্রতিনিধি হিসেবে নিযুক্ত হওয়ার পূর্বে তিনি কাউন্সিল অব ইউরোপ গ্রুপ অব এক্সপার্টস অন অ্যাকশান এগেইনস্ট ট্রাফিকিং ইন হিউম্যান বিয়িংস (জিআরইটিএ) এর একজন সদস্য ছিলেন, এবং জিআরইটিএ-এর প্রেসিডেন্ট নির্বাচিত হন ২০১৬-২০১৮তে, এবং প্রথম ভাইস-প্রেসিডেন্ট ছিলেন ২০১৪ থেকে ২০১৮ পর্যন্ত।

বিশেষ প্রতিনিধিগণ মানবাধিকার কাউন্সিলের বিশেষ প্রক্রিয়ার অংশ। বিশেষ প্রক্রিয়াসমূহ মূলত কাউন্সিলের স্বাধীন তথ্যানুসন্ধান ও পর্যবেক্ষণ পদ্ধতিরই নামান্তর, যা নির্দিষ্ট কোনো দেশের অবস্থা বা পরিস্থিতিকেই তুলে ধরে। উক্ত বিশেষ প্রক্রিয়াই মানবাধিকার ব্যবস্থার স্বাধীন বিশেষজ্ঞদের সবচেয়ে বড় অংশ। বিশেষ প্রক্রিয়ার

বিশেষজ্ঞরা ঐচ্ছিকভাবেই কাজ করেন, তারা জাতিসংঘের কর্মী নন, এবং এর জন্য তারা বেতনও নেন না, যে কোনো সরকার বা সংস্থার আওতাধীন নয়। তারা নিজস্ব সক্ষমতায় স্বাধীনভাবে কাজ করেন।

আরো তথ্য পেতে অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন: মিস ক্লারা পাসকুয়াল ডি ভার্গাস/  
Ms Clara Pascual de Vargas ([cpascualdevargas@ohchr.org](mailto:cpascualdevargas@ohchr.org))

জাতিসংঘের অন্যান্য স্বাধীন বিশেষজ্ঞদের সম্পর্কে জানতে মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন: রেনাতো রোজারিও ডি সুজা/ Renato Rosario De Souza ([renato.rosariodesouza@un.org](mailto:renato.rosariodesouza@un.org)) অথবা ধাড়ীশা ইন্দ্রগুপ্ত/ Dharisha Indraguptha ([dharisha.indraguptha@un.org](mailto:dharisha.indraguptha@un.org))

টুইটার এ জাতিসংঘের অন্যান্য স্বাধীন বিশেষজ্ঞদের সম্পর্কিত খবর জানতে এই লিংকে দেখুন: @UN\_SPExperts.